# র ণ জি ৎ গু হ

# নিম্নবর্গের ইতিহাস ও অন্যান্য

সম্পাদনা

শিমূল সেন

অনিল আচার্য

**অনুষ্টুপ প্রকাশনী**

২ই নবীন কুণ্ডু লেন, কলকাতা-৭০০ ০০৯

# সূ চি প ত্র

**স ম্পা দ কী য়**


বিস্তারে যাবার আগে ❑ অনিল আচার্য ১৩
সহৃদয়তার সপক্ষে ❑ শিমূল সেন ২৭

**ক থা মু খ**

রণজিৎ গুহ স্মরণে: চক্ষুরুন্মীলিতং যেন... ❑ গায়ত্রী চক্রবর্তী স্পিভাক ৪৫

**উ দ্ধা র**

**অপ্রকাশিত লেখা**

প্রাক্‌কথন
রণজিৎ গুহ-র শেষ লেখা ❑ পার্থ চট্টোপাধ্যায় ৫৯
শেষ লেখা : প্রাক্‌কথন, সম্পাদনা ও টীকা: পার্থ চট্টোপাধ্যায় ৬৬
বঙ্গানুবাদ : শেষ লেখা ৭২

**অপ্রকাশিত সাক্ষাৎকার**

প্রসঙ্গকথা ৮১
প্রাক্‌কথন
গুহ হিন্দিতে সুখ-দুঃখ নিয়ে বলছেন ❑ ক্রিস গ্রেগরি ৮৩
সাক্ষাৎকার: রণজিৎ গুহ-র সঙ্গে কথোপকথনে হরিহর বৈষ্ণব
আমার ইতিহাসে আনন্দধ্বনি নেই, শুনি কালের ক্রন্দন ১১৩

**অগ্রন্থিত ও অসংকলিত লেখা**

প্রসঙ্গকথা ১২৫
প্রাক্‌কথন
*স্বাধীনতা* পত্রিকার দুটি লেখা ১২৭
আর একটি ভাঙ্গা দেশের কাহিনী: আয়ার্ল্যাণ্ড ১২৯
বৃটিশের ভেদনীতির শিকার প্যালেস্টাইন ১৩২
কিছু স্মৃতি: হেমন্ত মুখোপাধ্যায় ১৩৯

কতিপয় সমাপ্তি ১৪০
পরিশিষ্ট: প্রেসিডেন্সিতে রণজিৎ গুহ ১৪৫

**অগ্রন্থিত অনুবাদ**

প্রসঙ্গকথা ১৬৭

**প্রসঙ্গ স্তালিন**

স্তালিনের চিঠি: বিল্-বিয়োলোৎসের্কভ্স্কিকে ১৭১
স্তালিনের চিঠি: গর্কিকে ১৭৪
স্তালিন: স্মৃতিচিত্র/জাঁ-রিশার ব্লখ (অনুবাদ: রণজিৎ গুহ) ১৭৮
সোসো/হেলেনা ববিন্স্কা (অনুবাদ: মার্তা মালিস্কা গুহ ও রণজিৎ গুহ) ২১৫

**সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়**

**প্রসঙ্গকথা** ২৮৭
ভারতীয় ইতিহাসের চর্চা ❑ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়/অনুবাদ ও টীকা রণজিৎ গুহ ২৮৯

**পরিশিষ্ট: বাংলায় ম্যাকবেথ**

প্রসঙ্গকথা ৩০১
বাংলায় 'ম্যাকবেথ' ❑ রণজিৎ গুহ ৩০৩
বাংলায় ম্যাকবেথ ❑ কার্তিক লাহিড়ী ৩১৮
বাংলায় 'ম্যাকবেথ' ❑ ধীরেন্দ্রনাথ ঘোষ ৩২১
হাঙ্গেরিতে শেকসপীয়র-অনুবাদের সমস্যা ❑ মারী গুহ ৩২৮

**স্মৃ তি**

**সহচিন্তক রণজিৎ**

রণজিৎদা: কিছু চিঠি, কিছু স্মৃতি ❑ দীপেশ চক্রবর্তী ৩৩৫
প্রত্যক্ষবাদের বিরুদ্ধে ❑ আশিস নন্দী ৩৪৫
স্মরণে-প্রতীক্ষায় রণজিৎ গুহ ❑ হোমি ভাবা ৩৫২
রণজিৎ গুহ: স্মৃতিরোমন্থন ❑ নিকোলাস ডার্কস ৩৫৫
দিল্লি, ১৯৭১ ❑ ডেভিড হার্ডিম্যান ৩৬৩
বললেন, 'আমি ন্যাশনালিস্ট' ❑ সুগত বসু ৩৬৬
আশিরনখ এক চিন্তাজীবী ❑ আকিল বিলগ্রামি ৩৭১

**শিক্ষক রণজিৎ**

আমার শিক্ষক ❑ আহমেদ কামাল ৩৭৪
রণজিৎদা ও আমার ছাত্রাবস্থা ❑ রাঘবেন্দ্র চট্টোপাধ্যায় ৩৭৯
আদ্যোপান্ত রাজনৈতিক ❑ দিলীপ সিমেওন ৩৮৪

## ব্যক্তিগত রণজিৎ


'মানুষকে যদি বুঝতে চাও' ❑ সেমন্তী ঘোষ ৩৯৩

পথপরিচায়ক ❑ মিলিন্দ বন্দ্যোপাধ্যায় ৪০২

২৩ এইচ ফার্ন রোড ❑ দেবারতি গুহ ৪১০

ছোটমামু ❑ অমিতরঞ্জন বসু ৪১৬


## স ন্ধা ন

### ব্যকরণচিন্তা


'ওরা' কারা? 'আমরা' কারা? প্রথম/উত্তম পুরুষ বহুবচন সর্বনামের
ব্যাকরণ-দার্শনিক শ্রেণী-রাজনীতি ❑ অরিন্দম চক্রবর্তী ৪৩৩

স্ট্রাকচারালিজম ও রণজিৎ গুহ: বন্ধনহীন গ্রন্থি ❑ বোধিসত্ত্ব কর ৪৫০

প্রতীক ও সূচক: রণজিৎ গুহ এবং সাঁওতাল হুলের
সেমিওটিক ইতিহাসচর্চা ❑ নিশান্ত চোকসি ৪৮২

তোমার মুখে ভর করেছিল দুরূহ দৈববাণী? ❑ প্রবাল দাশগুপ্ত ৪৯৫


### সাহিত্যচিন্তা


'সাহিত্য সবসময়ই ছিল আমার মাথায়': রণজিৎ গুহ, উত্তরপর্বের শৈলী, এবং
আঙ্গিকের প্রতি দায়বদ্ধতা ❑ রোসিঙ্কা চৌধুরী ৫০১

রণজিৎ গুহ ২০০২: ইতিহাস ও সাহিত্যের দ্বৈরথে ❑ মোহাম্মদ আজম ৫১০

সাহিত্যের কাজ আর ইতিহাসের সীমা ❑ অনির্বাণ দাশ ৫১৭


### বিজ্ঞানের ইতিহাস


বিজ্ঞানের ইতিহাসের দৃষ্টিকোণ থেকে নিম্নবর্গের ইতিহাসচর্চা ❑ প্রজিতবিহারী মুখোপাধ্যায় ৫২৬


### অর্থনীতির ইতিহাস


রণজিৎ গুহ ও অর্থনীতির ইতিহাস ❑ ইমন মিত্র ৫৩৬


## গ্যা লা রি


প্রসঙ্গকথা

রণজিৎ গুহ-র আঁকা অপ্রকাশিত ছবি ৫৪৭

# বিস্তারে যাবার আগে

অনিল আচার্য

"Ranajit Guha is, agruably, the most creative Indian historian of the century. His works have deeply influenced not only the writing of subcontinental history but also the investigations elsewhere, as well as cultural studies, literary theories and social analyses across the world"

—অমর্ত্য সেন, ভূমিকা, *A Rule of Property for Bengal* (1996 edition)

প্রথম লাইনেই অমর্ত্য সেন একটি শব্দ ব্যবহার করেছেন 'arguably'। তর্কপ্রিয় যে-কোনো বঙ্গসন্তানের মনে হতেই পারে 'এই শব্দটি' তিনি কেন ব্যবহার করলেন? কথাটির পরে— ১) মতান্তরে, ২) কেউ একমত নাও হতে পারেন— সেই সম্ভাবনা। কেননা 'এই শতাব্দীর সর্বোত্তম সৃজনশীল ঐতিহাসিক'— এত বড়ো শংসাপত্র অমর্ত্য সেনের কলম থেকে যখন বেরোচ্ছে তখন তিনি এ-কথাও ইঙ্গিত করতে ভুললেন না যে এই মতটি তর্কাতীত বা ধ্রুব সত্য বলে সবাই না-ও মানতে পারেন। আর রণজিৎ গুহ-র মতো ভারতীয় ঐতিহাসিককে এবং তাঁর রচনাকে উপস্থিত করার সময় এটা সবার জানা উচিত যে রণজিৎ গুহ 'তর্কাতীত' ঐতিহাসিক বা বিদ্বজ্জন ছিলেন না। তাঁর প্রণোদনায় ইতিহাসচর্চার যে নতুন ধারা উঠে এল, যাকে সাবলটার্ন বা নিম্নবর্গের ইতিহাস বলা হয়ে থাকে, সেই ইতিহাস নিয়ে সারা বিশ্বের ঐতিহাসিক ও গবেষকমহলে বিতর্ক সঞ্চারিত হয়েছে। আর তিনি ইতিহাসচর্চার ব্যতিক্রমী ধারার পথিকৃৎ বলেই তাঁকে নিয়ে বিভিন্ন লেখক বিভিন্ন প্রকারে তাঁর কাজ, দর্শন ও দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা শুধু নয়, সমালোচনাও করেছেন। আর রণজিৎ গুহ প্রয়াত না হলে— সেটিই চাইতেন। কেননা সারা জীবন তিনি তর্ক-বিতর্কের মধ্যেই কাজ করেছেন।

অমর্ত্য সেন তাঁর মুখবন্ধে রণজিৎ গুহ যে-যে ক্ষেত্রে তাঁর প্রভাব সুনির্দিষ্টভাবে উল্লেখ করেছেন সেই ক্ষেত্রসমূহে লেখকরা আলোকপাত করার প্রয়াস করেছেন। সেই ক্ষেত্রগুলি হলো— কেবল এই উপমহাদেশের ইতিহাসচর্চায় নয়, অন্যত্র অর্থাৎ বিশ্ববীক্ষায় ও সামগ্রিকভাবে ইতিহাসচর্চায়। আর এই চর্চা কেবল একটি ক্ষেত্রে সীমাবদ্ধ নয়— সংস্কৃতিচর্চা, সাহিত্যতত্ত্ব এবং সামাজিক বিশ্লেষণ— সর্বক্ষেত্রে তাঁর অগাধ বিচরণের কথা তিনি বলেছেন। আর এই সমস্ত ক্ষেত্র জুড়ে তাঁর ভাবনাকে পাঠকের সন্নিধানে উপস্থিত করার অসমাপ্ত প্রয়াসে ব্রতী হওয়াটাই ছিল এই প্রকল্প।